দৈনিক বাংলা

তারিখ ... 05 AUG 1995
পৃষ্ঠা ৭ কলাম ৫

০৪

# বেসরকারী শিক্ষক কর্মচারীদের বেতনের চেক ব্যাংকে প্রেরণ

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) শিক্ষক ও কর্মচারীদের জুলাই '৯৫ মাসের বেতনের সরকারী অংশের টাকার চেক অগ্রণী, জনতা, সোনালী এবং রূপালী ব্যাংকের প্রধান কার্যালয়ে পাঠানো হয়েছে। খবর তথ্য বিবরণীর।

সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে এই টাকা গ্রহণের জন্য আগামী ১৬ আগস্ট –এর মধ্যে নিজ নিজ শাখা ব্যাংকের সঙ্গে যোগাযোগ করার পরামর্শ দেয়া হয়েছে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠান চলতি অর্থবছরের জুন মাসের টাকা পূর্বনির্ধারিত সময়ে উত্তোলন করতে পারেননি তারাও ঐ টাকা উল্লেখিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারবেন।